কুষ্টিয়ায় রূপালী ব্যাংকের ঊর্ধ্বতন কর্মকর্তাদের দিশার উন্নয়ন কার্যক্রম পরিদর্শন

রূপালী ব্যাংক পিএলসি’র ব্যবস্থাপনা পরিচালক (এমডি) কাজী মো. ওয়াহিদুল ইসলাম এবং উপব্যবস্থাপনা পরিচালক তাহমিনা আখতারসহ ব্যাংকের ঊর্ধ্বতন কর্মকর্তারা গত ২০ ও ২১ জুন ২০২৬ তারিখে বেসরকারি উন্নয়ন সংস্থা দিশার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন করেছেন।

দুই দিনব্যাপী এ পরিদর্শনকালে তারা সংস্থার বাস্তবায়নাধীন বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক ও মানবসম্পদ উন্নয়নমূলক কর্মকাণ্ড সম্পর্কে খোঁজখবর নেন এবং উপকারভোগীদের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় বিভিন্ন প্রকল্পের অগ্রগতি, কার্যকারিতা এবং স্থানীয় জনগণের জীবনমান উন্নয়নে এসব কর্মসূচির প্রভাব সম্পর্কে বিস্তারিত অবহিত হন তারা।

পরিদর্শনকালে রূপালী ব্যাংকের প্রতিনিধিদল মাঠপর্যায়ে পরিচালিত ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, দক্ষতা উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, শিক্ষা, স্বাস্থ্য এবং দারিদ্র্য বিমোচনমূলক কার্যক্রম ঘুরে দেখেন। তারা উপকারভোগীদের সঙ্গে সরাসরি কথা বলে প্রকল্প বাস্তবায়নের বাস্তব চিত্র সম্পর্কে ধারণা গ্রহণ করেন।

এ সময় সংস্থার কার্যনির্বাহী পরিষদের সভাপতি এম এ সালাম, উপনির্বাহী পরিচালক এম আর ইসলাম, সহকারী নির্বাহী পরিচালক নাজমুস সালেহীনসহ সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। তারা দিশার বিভিন্ন কর্মসূচি, অর্জন এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে অতিথিদের অবহিত করেন।

পরিদর্শন শেষে রূপালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক কাজী মো. ওয়াহিদুল ইসলাম সংস্থার বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন, আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সমন্বিত উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। দিশা দীর্ঘদিন ধরে যে উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করছে, তা স্থানীয় জনগণের জীবনমান উন্নয়নে ইতিবাচক

ভূমিকা রাখছে।

উপব্যবস্থাপনা পরিচালক তাহমিনা আখতারও বিভিন্ন কার্যক্রম ঘুরে দেখে সন্তোষ প্রকাশ করেন এবং টেকসই উন্নয়ন নিশ্চিত করতে এ ধরনের উদ্যোগের ধারাবাহিকতা বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন।

দিশার সংস্থার সহকারী নির্বাহী পরিচালক নাজমুস সালেহীন জানান, দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন, দক্ষতা বৃদ্ধি, উদ্যোক্তা সৃষ্টি এবং কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণে সংস্থাটি দীর্ঘদিন ধরে কাজ করে যাচ্ছে। রূপালী ব্যাংকের ঊর্ধ্বতন কর্মকর্তাদের এই পরিদর্শন ভবিষ্যতে উন্নয়ন কার্যক্রমকে আরও গতিশীল করতে উৎসাহ জোগাবে বলে তারা আশা প্রকাশ করেন।

পরিদর্শন শেষে উভয় প্রতিষ্ঠানের প্রতিনিধিরা উন্নয়ন সহযোগিতা, আর্থিক অন্তর্ভুক্তি এবং জনগণের জীবনমান উন্নয়নে সমন্বিতভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।